

সেভ ফর কলেজ প্রোগ্রাম (কলেজের জন্য সঞ্চয় কর্মসূচি)

ডিস্ট্রিক্ট স্কুল থেকে পিতামাতা ও অভিভাবকদের নাম প্রত্যাহারের নোটিশ ও ফর্ম

2 নভেম্বর, 2026

প্রিয় পিতামাতা/অভিভাবক:

নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ ("NYCPS") NYC কিডস্ রাইজ, ইনক্ (NYC Kids RISE, Inc.) নামক একটি অলাভজনক প্রতিষ্ঠানের সাথে NYC কিডস্ রাইজ সেভ ফর কলেজ প্রোগ্রামে ("কর্মসূচি") অংশীদারিত্ব করেছে। এই বিনামূল্যের প্রোগ্রামটি যোগ্য শিক্ষার্থীদেরকে যোগ্য কলেজ এবং পেশাগত প্রশিক্ষণের খরচের জন্য অর্থ প্রদান করে। এই প্রোগ্রামটিতে অংশগ্রহণকারী প্রতিটি শিক্ষার্থীর ভবিষ্যৎ উচ্চতর শিক্ষার জন্য প্রাথমিক অর্থ বরাদ্দ দিতে NYC কিডস্ রাইজ আপনাপনিভাবে একটি "NYC স্কলারশিপ অ্যাকাউন্ট" তৈরি করে এবং সময়ের সাথে সাথে তার NYC স্কলারশিপ অ্যাকাউন্টে আরো অর্থ বরাদ্দ পাওয়ার সুযোগের জন্য সেটি ব্যবস্থাপনা করে। এই প্রোগ্রামটি NYC পাবলিক স্কুলস্ এবং সিটি অভ নিউ ইয়র্ক-এর সাথে অংশীদারিত্বে NYC কিডস্ রাইজ পরিচালনা করে। অর্থায়নের উপর ভিত্তি করে, সিটি অভ নিউ ইয়র্ক এবং NYCPS এই শিক্ষা বছর প্রোগ্রামটি সম্প্রসারণ করা অব্যাহত রাখছে এবং আপনার সন্তানের স্কুল অন্তর্ভুক্ত হবে। আরো তথ্যের জন্য, nyckidsrise.org দেখুন।

যোগ্য শিক্ষার্থীরা আপনাপনিভাবে প্রোগ্রামটিতে নথিভুক্ত বা এনরোল হয়, যদিনা তাদের পিতামাতা/অভিভাবক অংশগ্রহণ করতে না চান। এই বিজ্ঞপ্তিতে কীভাবে (1) কিছু না করে (এই ফর্মটি পূরণ করবেন না) NYC কিডস্ রাইজ (Kids RISE) দ্বারা আপনার সন্তানের জন্য তৈরি করা একটি NYC স্কলারশিপ অ্যাকাউন্ট গ্রহণ করবেন কিংবা (2) নাম প্রত্যাহার (অপ্ট-আউট) করবেন (এই ফর্মটি পূরণ করে স্কুলে ফেরত দিন) এবং NYC কিডস্ রাইজ আপনার সন্তানের জন্য একটি NYC স্কলারশিপ অ্যাকাউন্ট তৈরি করবে না, সে বিষয়ে গুরুত্বপূর্ণ তথ্য রয়েছে। আপনার সন্তানের একটি NYC স্কলারশিপ অ্যাকাউন্ট পেতে হলে, NYCPS-এর NYC কিডস্ রাইজ, নিউ ইয়র্ক সিটি অফিস অভ টেকনোলজি অ্যান্ড ইনোভেশন ("OTI"), ননপ্রফিটলি (NonProfitly) (পূর্বে 'ভিসতাশেয়ার' (VistaShare)) নামক একটি কোম্পানি সহ NYC কিডস্ রাইজকে সহায়তাকারী কিছু পরিষেবা প্রদানকারীদের সাথে নিচের তথ্যগুলো শেয়ার করা প্রয়োজন:

- প্রোগ্রামের জন্য শিক্ষার্থীর একটি অনন্য আইডেন্টিফিকেশন নম্বর
- শিক্ষার্থীর পুরো নাম
- শিক্ষার্থীর জন্মতারিখ
- শিক্ষার্থীর বাড়ির ঠিকানা এবং যেকোনো ভবিষ্যৎ পরিবর্তন
- শিক্ষার্থীর বাড়ির ফোন নম্বর
- শিক্ষার্থীর স্কুলের নাম
- শিক্ষার্থীর বর্তমান গ্রেড স্তর
- শিক্ষার্থীর বাড়িতে যে ভাষা(গুলোতে) কথা বলা হয়
- NYC পাবলিক স্কুল সিস্টেমের অভ্যন্তরে এবং বাহিরের যদি অন্যান্য স্কুলে ট্রান্সফার (বদলি) করা হয়ে থাকে

- এছাড়াও NYC কিডস্ রাইজ প্রত্যেক অংশগ্রহণকারী শিক্ষার্থীর জন্য সর্বোচ্চ দুইজন পিতামাতা অথবা অভিভাবকের নিম্নোক্ত তথ্যগুলো পেয়ে থাকে:
- প্রোগ্রামের জন্য পিতামাতা/অভিভাবকের অনন্য আইডেন্টিফিকেশন নম্বর(সমূহ)
 - পিতামাতা/অভিভাবকের পুরো নাম
 - পিতামাতা/অভিভাবকের ইমেইল ঠিকানা
 - পিতামাতা/অভিভাবকের সেল এবং/অথবা অন্য ফোন নম্বর

NYC কিডস্ রাইজ (Kids RISE) অংশগ্রহণকারীর তথ্য সংরক্ষণ, একটি অনলাইন পোর্টাল ব্যবস্থাপনা, এবং প্রযুক্তিগত সহায়তা প্রদানের জন্য OTI এবং 'ননপ্রফিটলি'-এর (NonProfitly) (পূর্বে 'ভিসতাশেয়ার' (VistaShare)) সাথে কাজ করে। এছাড়াও NYC কিডস্ রাইজ, সেটার পক্ষে প্রোগ্রামটিতে পরিষেবা দিয়ে সহায়তা দেয় এমন অন্যান্য পরিষেবা প্রদানকারীর সাথে কাজ করে। এই সংগঠনগুলো এই তথ্য শুধুমাত্র প্রোগ্রাম পরিচালনা করতে এবং সম্পর্কিত যোগাযোগ, মূল্যায়ন, বিশ্লেষণ, ও গবেষণা করতে ব্যবহার করার জন্যে অনুমোদিত। তাদের কোনো বিজ্ঞাপন, বিপণন, অথবা অন্যান্য বানিজ্যিক উদ্দেশ্যে এই তথ্য বিক্রয়, ব্যবহার, অথবা শেয়ার করার অনুমতি নেই।

আপনার কী কী বিকল্প রয়েছে?

1. যদি আপনি আপনার সন্তানকে অংশগ্রহণ করাতে চান এবং আপনার সন্তানের পক্ষে NYC কিডস্ রাইজ-কে দিয়ে তার ভবিষ্যৎ কলেজ ও পেশাগত প্রশিক্ষণের ব্যয়ের জন্য একটি প্রাথমিক অর্থ বরাদ্দ সহ একটি NYC স্কলারশিপ অ্যাকাউন্ট তৈরি করাতে এবং সময়ের সাথে সাথে তার আরো অর্থ বরাদ্দ পাওয়ার সুযোগের জন্য NYC স্কলারশিপ অ্যাকাউন্টটি পরিচালনা করাতে চান, তাহলে কিছু করবেন না (পরবর্তী পৃষ্ঠার ফর্মটি পূরণ করে ফেরত দেবেন না)।

অথবা

2. আপনি অংশগ্রহণ করতে না চাইলে পরবর্তী পৃষ্ঠায় দেয়া ফর্মটি পূরণ করে, 12/2/2026 তারিখের মধ্যে আপনার স্কুলের মেইন অফিসে জমা দিয়ে নাম প্রত্যাহার (অপ্ট-আউট) করুন। আপনার সন্তান একটি NYC স্কলারশিপ অ্যাকাউন্ট পাবে না এবং এই প্রোগ্রামের উদ্দেশ্যে আপনার সন্তানের তথ্য শেয়ার করা হবে না। পরবর্তী পৃষ্ঠায় দেয়া নাম প্রত্যাহারের (অপ্ট-আউট) ফর্মটি পূরণ করা নিয়ে কোনো প্রশ্ন থাকলে অনুগ্রহ করে আপনার স্কুলের মেইন অফিসের সাথে কথা বলুন।

এই প্রোগ্রাম সম্পর্কে আপনার কোনও প্রশ্ন আছে কি? NYC কিডস্ রাইজ হটলাইনে 833-543-7473 নম্বরে ফোন করুন অথবা NYCPS-কে SavingTogether@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করুন।

সেভ ফর কলেজ প্রোগ্রাম (কলেজের জন্য সঞ্চয় কর্মসূচি)
ডিস্ট্রিক্ট স্কুল থেকে পিতামাতা ও অভিভাবকদের নাম প্রত্যাহারের নোটিশ ও ফর্ম
সেভ ফর কলেজ প্রোগ্রাম থেকে নাম প্রত্যাহারের (অপ্ট-আউট) ফর্ম

গুরুত্বপূর্ণ আপনার সন্তানের জন্য একটি NYC স্কলারশিপ অ্যাকাউন্ট না চাইলে এই ফর্মটি পূরণ ও স্বাক্ষর করুন। আপনার স্কুল সেক্রেটারির কাছে 12/2/2026 তারিখের মধ্যে ফেরত দিন।

আমার সন্তানের পিতামাতা/অভিভাবক হিসেবে, আমি NYC সেভ ফর কলেজ প্রোগ্রামে অংশগ্রহণ করতে চাই না। আমি বুঝেছি যে আমার সন্তান একটি NYC স্কলারশিপ অ্যাকাউন্ট পাবে না এবং আমার সন্তানের জন্য কোনো অর্থ বরাদ্দ করা হবে না।

শিক্ষার্থীর প্রথম নাম:

শিক্ষার্থীর শেষ নাম:

স্কুলের নাম:

শিক্ষার্থীর অফিশিয়াল ক্লাস:

অফিশিয়ালভাবে যে গ্রেডে পড়ছে:

পিতামাতা/অভিভাবকের নাম ইংরেজি বড় অক্ষরে:

স্বাক্ষর:

তারিখ: